

ইউনিট-A

রাজশাহী বিশ্ববিদ্যালয়

স্মারক নং/৩৩২/আঃঅনুঃ

তারিখঃ ০৭ নভেম্বর ২০১৯

নোটিশ

A-ইউনিট (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএ/বিপিএ/এলএলবি/বিএসএস/বিএফএ/বিএড স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। MCQ ও SAQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তৈরী মেধাক্রম অনুযায়ী গ্রুপ-১ থেকে ৪৮৫২ জন এবং গ্রুপ- ২ থেকে ৪৭৬২ জনের Subject Choice আগামী ১৫ নভেম্বর থেকে ২০ নভেম্বর ২০১৯ পর্যন্ত গ্রহণ করা হবে। ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্তানুযায়ী A ইউনিটভুক্ত বিভিন্ন অনুষদ ও ইনস্টিটিউট -এর বিভাগসমূহের মোট আসন সংখ্যার ১০ গুণ পরীক্ষার্থীর SAQ পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হয়েছে। SAQ পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নযোগ্য পরীক্ষার্থীদের MCQ পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন নম্বর যথাক্রমে গ্রুপ-১ এর ক্ষেত্রে ২৯ এবং গ্রুপ-২ এর ক্ষেত্রে ৩০। বিভিন্ন কোটায় আবেদনকারী পরীক্ষার্থী যারা ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০ নম্বর পেয়েছে, তাদেরও ১৫ নভেম্বর থেকে ২০ নভেম্বর ২০১৯ পর্যন্ত Subject Choice Form পূরণ করতে হবে। আগামী ২৪/১১/২০১৯ তারিখে বিভাগের নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত চূড়ান্ত তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে। মেধা তালিকাভুক্ত পরীক্ষার্থীদের ভর্তি কার্যক্রম ২৫/১১/২০১৯ তারিখ থেকে ০১/১২/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। আসন ফাঁকা থাকার সাপেক্ষে ভর্তির জন্য অপেক্ষমান তালিকা ০৩/১২/২০১৯ তারিখে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে।

লিখিত/ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

(ক) ইংরেজী বিভাগের লিখিত পরীক্ষা ড. মোহাম্মদ শহীদুল্লাহ একাডেমিক ভবন ও ড. মমতাজউদ্দিন আহমেদ একাডেমিক ভবনে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে সকাল ১০.০০—১১.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

(খ) চারুকলা অনুষদভুক্ত তিনটি বিভাগের ব্যবহারিক পরীক্ষা ড. মোহাম্মদ শহীদুল্লাহ একাডেমিক ভবন, ড. মমতাজউদ্দিন আহমেদ একাডেমিক ভবন এবং সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী একাডেমিক ভবনে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে দুপুর ১২.০০—০১.০০টা পর্যন্ত (গ্রুপ-১) এবং বিকেল ০৩.০০—০৪.০০টা পর্যন্ত (গ্রুপ-২) অনুষ্ঠিত হবে।

(গ) সঙ্গীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা ১২, ১৪, ১৫ নভেম্বর ২০১৯ তারিখে উক্ত বিভাগের সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।

(ঘ) নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা ১২, ১৪, ১৫, ১৬ নভেম্বর ২০১৯ তারিখ উক্ত বিভাগের সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।

(ঙ) ভর্তির সময় প্রার্থীকে নিম্নে উল্লিখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে-

- (১) পরীক্ষা কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
- (২) Subject Choice Form এর প্রিন্ট কপি।
- (৩) এস.এস.সি/সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট।
- (৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।

(চ) নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন না করলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

(ছ) ক্লাশ শুরুর তারিখঃ ২১ জানুয়ারি ২০২০।

(জ) প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রফেসর ড. এম. আহসান কবির)

চীফ কো-অর্ডিনেটর

A-ইউনিট (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা-২০১৯-২০২০

ও

ডীন, আইন অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।

ফোন: ০৭২১-৭১১১৪৩